

রমজানে স্কুল খোলা থাকবে

আদালত প্রতিবেদক

১৩ মার্চ ২০২৪, ১২:০০ এএম



রমজানে দেশের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখতে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করে দিয়েছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। হাইকোর্টের আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আবেদনের শুনানি করে প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে পাঁচ সদস্যের আপিল বেঞ্চ গতকাল মঙ্গলবার এ আদেশ দেয়। এ আদেশের ফলে রোজার মধ্যে দেশের

সব স্কুল খোলা থাকবে বলে আইনজীবীরা জানিয়েছেন।

এদিন রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল এএম আমিন উদ্দিন। সঙ্গে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল এম সাইফুল আলম। রিট আবেদনকারী পক্ষে শুনানি করেন আইনজীবী একেএম ফয়েজ। সঙ্গে ছিলেন রিটকারী অ্যাডভোকেট মাহমুদা খানম।

UNIBOTS

শুনানির শুরুতে অ্যাটর্নি জেনারেল রোজায় শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার পক্ষে যুক্তি দেখাতে গিয়ে বিশ্বের বিভিন্ন মুসলিম দেশের উদাহরণ তুলে ধরেন এবং এ বিষয়ে বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত খবরের কপি আদালতে উপস্থাপন করেন। তিনি বলেন, সৌদি আরবে ২৮ মার্চের আগ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। ২৮ মার্চ থেকে ১২ এপ্রিল পর্যন্ত বন্ধ থাকবে। ইরানে বন্ধ থাকবে মাত্র দুদিন। এ ছাড়া তিনি তুরস্ক, পাকিস্তান, আফগানিস্তান, মালয়েশিয়াসহ আরও কয়েকটি রাষ্ট্রের উদাহরণ দেন।

এরপর শুনানিতে অ্যাডভোকেট একেএম ফয়েজ এলে তাকে প্রধান বিচারপতি প্রশ্ন করেন, কী কারণে তারা বিদ্যালয় বন্ধ রাখতে চান। আইনজীবী ফয়েজ বলেন, আমাদের দেশের পরিপ্রেক্ষিত ভিন্ন। আমাদের দেশে শিশুদের সঙ্গে অভিভাবকরাও জড়িত। তাদেরও ভোগান্তি হয়। প্রধান বিচারপতি বলেন, কেন? মায়েরা তো শাড়ি পরে ঘুরে বেড়ান। এরপর তিনি হাইকোর্টের আদেশ স্থগিত ঘোষণা করেন।